

## প্রতিষ্ঠান সংগীত

আলোর মিছিলে আলোর বাহন  
সযত্নে করে যায় জ্ঞান বিতরণ  
প্রিয় প্রতিষ্ঠান রেবতী মোহন  
আমাদের প্রিয় রেবতী মোহন, রেবতী মোহন  
প্রিয় প্রতিষ্ঠান সিদ্ধিরগঞ্জ রেবতী মোহন ॥  
এসো সবাই বিদ্যার আলোয় আলোকিত হই  
আলোকিত মানুষ হয়ে শপথ নিয়ে  
বিশ্বের কল্যাণে নিয়োজিত রই  
আজকের শিশু যারা জ্ঞান সাধনায়  
দুঃস্থজনের তরে হবে যে সহায়  
তবেই তৃপ্ত হবে হৃদয় ও মন  
ধন্য হবে তাতে মানব জীবন ॥  
হৃদয়ে প্রত্যয় জ্ঞানই আলো  
চেষ্টা ও সাধনায় ঘুচাব মোরা  
জগতের সকল কালো  
সত্য সুন্দর হোক সবার ব্রত  
ন্যায়ের পথে রবো অবিরত  
ফুলের মতো সবাই গড়বো জীবন  
তবেই চিনবে মোদের বিশ্বভূবন ॥

### রচনায়

অধ্যক্ষ মোঃ নুর ইসলাম

সম্পাদনায় : এম এ আজিজ (প্রাক্তন সহকারী শিক্ষক)

## শপথ

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আমি দৃষ্টকণ্ঠে শপথ করছি যে, শহিদদের রক্ত বৃথা যেতে দেব না। দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।

মহান সৃষ্টিকর্তা আমাকে শক্তি দিন।”

- আমিন